



HIGH COMMISSION FOR THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
CANBERRA

## প্রেস বিজ্ঞপ্তি

### বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ সকল স্বাধীনতাকামী জাতির আশা আকাঙ্ক্ষার প্রতিফলন এম আল্লামা সিদ্দীকী

ক্যানবেরা, ৭ মার্চ ২০২৩:

বাংলাদেশ হাইকমিশন ৭ মার্চ উপলক্ষ্যে আলোচনা সভার অয়োজন করে। এসময় হাইকমিশনার এম আল্লামা সিদ্দীকী বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণ ছিল সকল স্বাধীনতাকামী জাতির আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন। এ ভাষণ বাঙালির চিরন্তন অনুপ্রেরণার উৎস।

হাইকমিশনার তাঁর বক্তব্যে বঙ্গবন্ধুর রাজনৈতিক বিচক্ষণতার বিভিন্ন দিক এবং ৭ মার্চ ভাষণের রাজনৈতিক প্রেক্ষাপট তুলে ধরেন। আল্লামা সিদ্দীকী বলেন, এ ভাষণের মর্মার্থ সকল বাঙালির হৃদয় স্পর্শ করে এবং বীর মুক্তিযোদ্ধাদের অনুপ্রাণিত করে। তিনি উল্লেখ করেন, এ ভাষণে বঙ্গবন্ধু বাংলার স্বাধীনতা অর্জনের প্রতিটি পদক্ষেপের সুস্পষ্ট নির্দেশনা প্রদান করেছিলেন। বাঙালির স্বাধীনতার চেতনার বিকাশে এ ভাষণের ভূমিকার ওপর আলোকপাত করেন হাইকমিশনার। তিনি জাতির পিতার আত্মার মাগফিরাত কামনা করেন। এসময় দু'জন বীর মুক্তিযোদ্ধা তাঁদের স্মৃতিচারণে ৭১'র মুক্তিযুদ্ধে সশস্ত্র অংশগ্রহণের অভিজ্ঞতা তুলে ধরেন।

গত ৭ মার্চ সকালে ক্যানবেরায় বাংলাদেশ হাইকমিশন প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলনের মধ্যদিয়ে দিবসের কার্যক্রম শুরু করেন বাংলাদেশের হাইকমিশনার এম আল্লামা সিদ্দীকী। ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো: আব্দুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাণী পাঠ করা হয়। এছাড়া বাংলাদেশ হাইকমিশনে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের ভিডিও চিত্র প্রদর্শন। এসব অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্যানবেরাস্থ প্রবাসী বাংলাদেশিগণ এবং হাইকমিশনের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

